গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।

www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর এপ্রিল/২০২৫ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: অরুন কৃষ্ণ পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক,
উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ঃ ১৬- ০৪ - ২০২৫ খ্রি.,
সময় ঃ সকাল : ১০ ঘটিকা।

**উপজেলা পরিষদের মাসিক সভা**

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি প্রশাসক,উপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী, জামালপুর, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা পরিষদের সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | ক.২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে ১৮৫৬০ হেক্টের জমিতে বোরো ধানের আবাদ কার্যক্রম চলমান রয়েছে। মাঠের সার্বিক পরিস্থিতি সন্তোষ জনক। সেচ কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান রাখতে উপজেলা সেচ কমিটির মাধ্যমে মাঠ পর্যায়ে সেচ প্রদান বাবদ মূল্য নির্ধারণ করা প্রয়োজন। ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় আউশ ধান ও পাট বীজ (রাসায়নিক সার সহ) বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার সহায়তা কার্যক্রম সঠিক কৃষকের মাঝে বন্টন করার জন্য বলেন এবং মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে বলেন। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | ক. অন্তঃবিভাগ ভর্তি রোগী- ৯৯০ জন খ) বহিঃবিভাগ- ১২৩০৫জন গ) জরুরী বিভাগ- ২৪০৪ জন। ডেলিভারী রোগীর সংখ্যা ক) নরমান ডেলিভারী- ১০১ খ) সিজার- ১০জন। প্যাথলজি সেবা- ৪৭০জন, এক্স-রে বিভাগ- ২৫ | ক. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, হাসপাতালে নিয়মিত সেবার মান বৃদ্ধি করতে হবে এবং | ক.উপজেলা নির্বাহী অফিসার উপজেলা |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জন, এ্যাম্বুলেন্স সেবা- ৩০ জন,ইপি আই কার্যক্রম -মার্চ ২০২৫ইং মাসে ৭১৬ জন শিশুকে টিকার আওতায় আনা হয়েছে। উপজেলা পরিষদ থেকে ২১ শয্যা বিশিষ্ট আইসোলেশন ওয়ার্ড নির্মান করা হয়েছে যা বর্তমানে অন্তঃবিভাগ এর শিশু ওয়ার্ড হিসাবে ব্যবহার করা হচ্ছে। ওয়ার্ডের নিরাপত্তার জন্য লোক বলের প্রয়োজন। কমিউনিটি ক্লিনিক এর সংখ্যা ৪৫ টি - সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮৩২০ জন । কমিউনিটি ক্লিনিক এর সংখ্যা ৪৫টি রোগীর সেবা ১৭,৪০০ জন । হাসপাতালের পরিস্কারর পরিচ্ছন্নতা কর্মী ৫ জনের মধ্যে ১জন কর্মরত রহিয়াছে। ১ জন জনবল দ্বারা পরিস্কার পরিচ্ছন্নতার কাজ করা সম্ভব নয় বিধায় জন বলের নিয়োগের ব্যবস্থা করন। রোগীর বিছানাঃ- রোগীর বিছানা গুলো পুরাতন হওয়ায় ব্যবহারের অনুপযোগী, নতুন বিছানা সরবরাহ করন। ডাক্তারদের বসার চেয়ার ,আসবাবপত্র হিসাবে টেবিল , আলমিরা উপস্বাস্থ্য কেন্দ্রসহ প্রয়োজন (বাউসী, পোগলদীঘা ও পিংনা)। | অবকাঠামো গত সমস্যা জেলা সভায় অবহিত করবেন বলে জানান । হাসপাতালে দালালের দৌরাত্ব কমাতে হবে। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সরিষাবাড়ী । |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ। | ক. উপজেলা প্রাণী সম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণী টিকা প্রদান- ২৩৮০ মাত্রা, হাঁস-মুরগী- ২.২১.২০০ মাত্রা। চিকিৎসা গবাদি পশু ২১৭৩ টি, হাঁস-মুরগী- ৩৭৩১২ টি । প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প হতে ৩২০০ মাত্রা ক্ষুরারোগের টিকা বিনামূল্যে প্রয়োগ করা হয়েছে। কৃত্রিম প্রজনন- ৫২০ টি বাচ্চা উৎপাদন ১৫২ টি, রাজস্ব আদায়- টিকা ৭১,৬৭৫/- কৃত্রিম প্রজনন- ১৯,৫০০/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন নাই, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১ টি।<br>খ. এছাড়াও প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ১০ জন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মাঝে বিনামূল্যে ১০ টি, গরু প্রদান করা হয়েছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে । উপজেলা নির্বাহী অফিসার প্রতিটা খামারির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী । |
| ০৪. | উপজেলা মৎস্য বিভাগ। | ক.উপজেলা মৎস্য দপ্তর সরিষাবাড়ি,জামালপুরের উদ্যোগে ও সরিষাবাড়ি থানার সহযোগিতায় জাটকা ও দেশিয় প্রজাতির মা রক্ষায় ২ টি অভিযান পরিচালনা করা হয়। আরামনগর বাজার,সরিষাবাড়ি পৌরসভায় একটি অভিযান পরিচালনা করা হয়। এ সময় ৪.২ ( চার কেজি ২০০ গ্রাম) কেজি জাটকা জব্দ করা হয়। কাউকে ধরা সম্ভব হয় নি। পরবর্তীতে জব্দকৃত জাটকা সমাজসেবা অফিস কর্তৃক পরিচালিত আলহাজ্ব কছির উদ্দিন মন্ডল এতিমখানায় | ক. উপজেলা নির্বাহী অফিসার মৎস্য অফিসারকে মৎস্য খাতে নতুন উদ্যোক্তা গড়ে তোলার পরামর্শ প্রদান করেন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিতরণ করা হয়। যমুনা নদীর পিংনা,সরিষাবাড়ি অংশে একটি অভিযান পরিচালনা করা হয়। এ সময় নিষিদ্ধ ঘোষিত ৩০(ত্রিশ) টি চায়না দুয়ারি (ফিক্সড ইঞ্জিন) জাল জব্দ করা হয়। এ ঘটনায় কাউকে ধরা সম্ভব হয় নি। জব্দকৃত জালের দৈর্ঘ্য ১০০০ মি. প্রায় ও আনুমানিক মূল্য ১.৫ লক্ষ টাকা। পরে জব্দকৃত জাল জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়। বিল নার্সারী কার্যক্রম পরিচালনা করার জন্য নিখাই বিল ও পেরি বিল পরিদর্শন করা হয়। ২৭ জন মৎস্যচাষিকে মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান। ০৭ ( সাত) জন মৎস্য চাষির পুকুরের পানি পরীক্ষা। পুকুর পরিদর্শন ও চাষিদের উন্নত প্রযুক্তি হস্তান্তর সহ দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ইতিমধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় প্রতি ইউনিয়ন থেকে প্রকল্প তালিকা পাওয়া গেছে, প্রকল্প তালিকার যাচাই বাছাই এর কাজ চলমান আছে।<br>খ.সরিষাবাড়ী উপজেলাধীন আরামনগর জিসি ঘোড়ামারা বাজার রাস্তার ১৭৫০ মি. চেইনেজ এ নির্মিতব্য ব্রীজ (BIWTA) টীম কর্তৃক পরিদর্শন করা হয়।<br>কামরাবাদ ইউপি নান্দিনা বাজার রাস্তার ২১০০ মি. চেইনেজে ১৯০.২০০ মিটার প্রস্তাবিত ব্রীজেও উক্ত টিম কর্তৃক ভিজিট করে।<br>কামরাবাদ ইউপি নান্দিনা বাজার রাস্তার ৩১০ মি. চেইনেজ ধ্বসে যওয়া ব্রীজের পার্শ্বে নতুন একটি ব্রীজ নির্মানের প্রস্তাব পাঠানোর জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের কার্যক্রম চলমান।<br>সরিষাবাড়ী উপজেলাধীন গ্রামীন সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষন প্রকল্পের আওতায় ৪টি রাস্তা মোট ১৩ কি.মি. মেরামত করার জন্য ইতিমধ্যে টেন্ডার করা হয়েছে । কার্যাদেশ প্রাপ্তির সাপেক্ষে কাজ শুরু করা হবে।<br>জামালপুর প্রকল্পের আওতায় মোট ১১টি রাস্তার উন্নয়ন কাজ চলমান আছে।<br>Flood..প্রকল্পের আওতায় শিমলাবাজার রায়গঞ্জ জিসি মোট ৫.০৮০ কি.মি. রাস্তার মেরামত কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে।<br>PEDP-4 প্রকল্পের আওতায় ১৪টি প্রাইমারী স্কুল এবং জিপিএস প্রকল্পের আওতায় ১৬ টি স্কুলের কাজ চলমান | ক বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) প্রকল্প প্রস্তুত করে পত্রিকা বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রতিটি প্রকল্পের কাজের মান এবং তদারকি বৃদ্ধি করতে হবে যাতে কাজের গুনগত মান বৃদ্ধি পায়। | ক.উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | গ. উপজেলা প্রকৌশলী সভায় আরও বলেন যে সরিষাবাড়ী উপজেলা মহাদান ইউনিয়নের আওতায় ৩ (তিন) টি এইচ, বিবি রাস্তার প্রস্তাব করেন যেমন ঃ<br>১. মো ঃ মজিবর তরফদার এর বাড়ী হতে বাবলু তরফদার এর বাড়ী রাস্তা এইচ বিবি করণ অংশ-(১) বাবদ ২,০০,০০০/- টাকা<br>২. মো ঃ মজিবর তরফদার এর বাড়ী হতে বাবলু তরফদার বাড়ী রাস্তা এইচ বিবি করণ অংশ-(২) বাবদ ২,০০,০০০/-<br>৩. মো ঃ মজিবর তরফদার এর বাড়ী হতে বাবলু তরফদার এর বাড়ী রাস্তা এইচ বিবি করণ অংশ-(৩) ১,৪২,৪৫০/-<br>৪. সাতপোয়া ইউনিয়নের আওতায় বাঘমারা সরকারী প্রাঃ বিদ্যাঃ সামনে রাস্তা সংস্কার অংশ(১)বাবদ = ২,০০,০০০/-<br>৫. সাতপোয়া ইউনিয়নের শিশুয়া ব্রীজের পর্শ্চিম পাশের রাস্তা সংস্কার অংশ (২) বাবদ = ২,০০,০০০/-<br>৬. সাতপোয়া ইউনিয়নে আওতায় অদ্রা ব্রীজের পর্শ্চিম পার্শে রাস্তা সংস্কার অংশ (৩) বাবদ = ২,০০,০০০/-<br>টাকা ব্যয় বাবদ নির্মান করার জন্য সভায় প্রস্তাব করেন। | গ. উক্ত প্রকল্প গুলি প্রস্তাব সভায় সর্ব সম্মতি ক্রমে পাশ হয় । উক্ত প্রকল্প ২০২৪-২০২৫ অর্থ বছর এডিপি বরাদ্দ হতে (পি.আই.সি) কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হবে । | উপজেলা প্রশাসকও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী সরিষাবাড়ী |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | ক. পবিত্র মাহে রমজান ও ঈদুল ফিতরের বন্ধের পর ০৭/০৪/২০২৫খ্রিঃ তারিখে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চালু হয়। অত্র উপজেলায় ২০২৪-২০২৫ অর্থবছরের ২৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রুটিনমেইনটেনেন্স বাবদ বরাদ্দ প্রাপ্ত বিদ্যালয়সমূহের প্রাক্কলন প্রস্তুত এর জন্য উপজেলা প্রকৌশলী(এলজিইডি), সরিষাবাড়ী-কে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অনুরোধ করেন। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধির জন্য শিক্ষকদের নিয়মিত হোম ভিজিট,মা সমাবেশ করার নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ সরিষাবাড়ী বলেন যে, বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধির জন্য শিক্ষকদের নিয়মিত হোম ভিজিট,মা সমাবেশ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে বলেন। | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১০-০৪-২০২৫ খ্রি. তারিখ হতে এস.এস.সি. সমমান পরীক্ষা শুরু হয়েছে । মোট কেন্দ্রের সংখ্যা ১১টি মোট পরীক্ষার্থী সংখ্যা ৪৭০০ জন । সুষ্ঠ, সুন্দর পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । অদ্যবধি পরীক্ষায় মোট ৫১ জন পরীক্ষার্থী অনুপস্থিত পাওয়া গিয়াছে । বিনামূল্যে বিতরণের জন্য ইতিমধ্যে ১০০% পাঠ্য বই পাওয়া গেছে এবং প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক বলেন যে, সরকারী বরাদ্দে বই পাওয়ার সাথে সথে স্কুলে বিতরণের ব্যবস্থা করা। | ক.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সরিষাবাড়ী |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | ক. উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের সচেতন করার লক্ষে ১দিনের সেমিনার এবং ক্ষুদ্র ঋণের গতিশীলতা আনয়নের লক্ষে বিভিন্ন | ক. উপজেলা নির্বাহী অফিসার সকল বরাদ্দের নীতিমালা অনুযায়ী সেবা কার্যক্রম পরিচলনা করার | ক.উপজেলা সমাজসেবা অফিসার, |

A

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কর্মদলের সভাপতি/ দলনেতাদের নিয়ে ০১(এক) দিনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয় । ক্ষুদ্রঋণ খাতে ৮,১৯,০০০ টাকা পূনঃ বিনিয়োগ করা হয় । ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৪,০৯,৫০০/- টাকার ঋণ আদায় করা হয়েছে। প্রতিবন্ধী জরিপ সম্পন্ন হয় ১২ জন,ডাক্তার কর্তৃক সনাক্ত করণ করা হয় ১০জন, এবং প্রতিবন্ধী আইডি কার্ড প্রদান করা হয়-১৪ জনকে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জন্য সভায় অবহিত করেন। | সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১৫, মোট সম্পাদন ১৮৯ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে- ০৫ টি, মোট সম্পাদন ৩৩, রাজস্ব আদায় (ননটেক্স রেভিনিউ) চলতি মাসে - ০০ মোট সম্পাদন ২৯,১১০/- ,সমবায় উন্নয়ন তহবিল আদায়- ০০ মোট সম্পাদন ১৮,৮৮৬/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১০ টি, মোট সম্পাদন ৬৯ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ৪ টি, মোট সম্পাদন ২০ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান (কম্পিউটার ও ইলেক্ট্রিক্যাল)চলতিমাসে ০৭ মোট সম্পাদন ২৭, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ০ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ১,২৮,৮০০/- মোট সম্পাদন ৪,১৯,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ১৮৪, মোট সম্পাদন ৩১২,৫৮২, সমবায়ীদের অবহিত করণ সভা চলতি মাসে ২ টি, মোট অর্জন ৮ টি, অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী। |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৪-২০২৫ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪টি ব্যাচে ৩০জন করে ৪২০জন। মার্চ/ ২৫ পর্যন্ত ৯টি ব্যাচে ২৭০ জনকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। টেকাব ২য় পর্যায়ে কম্পিউটার ভ্যানে ৪৪ দিন মেয়াদী প্রশিক্ষণ ফেব্রয়ারীর ২৭ তারিখে শেষ হয়েছে। পরিবার ভিত্তিক ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৭,০০,০০০/= (সাইত্রিশ লক্ষ) টাকা । ২০২৪-২০২৫ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীতে ১৩ জনকে ৬,৯০,০০০/= (ছয় লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় ১ টি কেন্দ্রে ২০ জনকে ৬,০০,০০০/= (ছয়লক্ষ) | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ করা হয়েছে। | | |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, মার্চ/২০২৫ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৭,৩২১ জন উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৫১,৫০১ । পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৬.৮১% জন । পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০৩ জন, আই. ইউ. ডি ১৩ জন , ইমপ্লান্ট- ১২ জন, ইনজেকশন- ১২৯৬ ভয়েল, খাবার বড়ি (সুখী) ৩২১৩ চক্র. খাবার বড়ি (আপন) ১২৬ চক্র, কনডম- ২২৩২৬ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী । |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ক. মা ও শিশুসহায়তা কর্মসূচীর কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। মার্চ/২০২৫ ইং তারিখ পর্যন্ত অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। বর্তমানে ওয়েবসাইট বন্ধ থাকায় এপ্রিল/২০২৫ ইং মাসের আবেদন এখন পর্যন্ত শুরু করা সম্ভব হয়নি। ভালনারেল গ্রুপ ডেভেলপমেন্ট (ভিডব্লিউবি) ২০২৫-২০২৬ চক্রের আবেদনের কার্যক্রম শুরু হয়েছে। সকল ইউনিয়ন পরিষদের আইডি সম্পন্ন করা হয়েছে। সুবিধা ভোগী নিয়মিতভাবে আবেদন করতে পারবেন। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে।এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নীতিমালা সিদ্ধান্ত অনুয়ায়ী বিতরণ কার্যক্রম পরিচালনা করার পরামর্শ প্রদান করেন । | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী । |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি আর ডিবি) | ক. বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লীপ্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়া করণ ও বাজার জাতকরণ শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান ও প্রশিক্ষণ প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরণের মোট লক্ষ্যমাত্রা ১৫০.০০ লক্ষটাকা নির্ধারণ করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে মোট ৯৮.৩২ লক্ষটাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭৭.৯৬ লক্ষটাকা আদায় করা হয়েছে। গত মাসে খেলাপীর | ক. মাঠে খেলাপি ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। মাঠ পর্যায়ের খেলাপি টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদনের চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী । |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | পরিমান ছিলো ৯১.৫০ । বর্তমানে মাঠ পর্যায়ে ৯০.৯৮ লক্ষটাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। ০১.সদাবিক কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ২০.৫৪ আদায় ১৭.৫০ লক্ষ টাকা।০২. আবর্তক কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ৩.৫০ আদায় ৩.৮২ লক্ষ টাকা।০৩. মহিলা উন্নয়ন কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ১৭.৩৯ আদায় ৬.০১ লক্ষ টাকা।০৪. অপ্রধান শস্য কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ৩২.২৩ আদায় ২৮.১৫ লক্ষ টাকা। ০৫. পল্লী প্রগতি কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ১.০০ আদায় ০.৫৬ লক্ষ টাকা।০৬. বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ০.৫০ আদায় ১.৭৭ লক্ষ টাকা।০৭. পল্লী উদ্যোক্তা কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ৩.৫০ আদায় ৭.৭৯ লক্ষ টাকা। মোট ৭৮.৬৬ অর্থ বছরে বিতরন এবং অর্থ বছরে আদায় ৬৫.৬০। | | |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ৯১ টা, মোট সদস্য সংখ্যা- ৬১০০ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋণ বিতরণ ৪০.০০ (লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায় ১৮.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ১০.৭৫ (লক্ষ টাকা) ঋণ আদায়ের হার ৯৬% ।<br><u>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ</u> মোট সদস্যসংখ্যা ২৫০ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ৮.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋণ আদায় ১৯.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৭%খেলাপি ঋণের পরিমাণ ১৫.০০(লক্ষ) টাকা, সঞ্চয় আদায় ৪.৫০(লক্ষ) টাকা।<br><u>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ-</u> মোট সদস্য ১৮০ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ৪৭.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋণ আদায় হয়েছে ২৪.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৮%, তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা এবং গ্রামীণ | ক. গ্রামীণ অবকাঠামো প্রকল্প এর অর্থ তদন্ত পূর্বক | ক.উপজেলা প্রকল্প |

A

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন অফিস। | অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ের ৫০% অর্থ ও খাদ্যশস্য ছাড় করা হয়েছে এবং ৩য় পর্যায়ের প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) (২য় সংশোধিত) প্রকল্পের কাজ এবং সেতু/ কালভার্ট এর কাজ চলমান রয়েছে। | ছাড় করা হচ্ছে এবং সকল বরাদ্দে কাজ নীতিমালা অনুয়ায়ী করা হচ্ছে। | বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক. সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৩৯ টি গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) স্থাপন কাজ শেষ এবং স্ট্রাকচার নির্মাণ কাজ চলমান আছে।<br>সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ ইং অর্থ বছরে বরাদ্দ কৃত সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৬৬ টি গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) এর নলকূপ স্থাপন কাজ চলমান আছে।<br>GPS/PEDP-4প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিব লপাম্পযুক্ত ও জলাধার সহ অগভীর নলকূপ স্থাপনও হ্যান্ডওয়াশিং বেসিন নির্মাণ কাজ চলমানআছে। GPS প্রকল্পের আওতায় ০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে।<br>PEDP-4প্রকল্পের আওতায় ২৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের০৪ টি কমিউনিটি টয়লেট এর চুড়ান্ত স্থান তালিকা পাওয়া গিয়াছে দপ্তরীয় অন্যান্য কাজসুষ্ঠ ও স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুয়ায়ী শেষ করার জন্য উপ- সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন। | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়। | ক. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় বলেন যে, টিসিবি ও এমএস এর জন্য ৫৮.১৯০ মে.টন চালের ডিও ইস্যু করা হয়েছে। ইউপি খাতে ৮৮৫ কেজি চাল ৭৬৫ কেজি গমের ডিও ইস্যু করা হয়েছে। ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) এর বরাদ্দ না থাকায় ডিও ইস্যু করা হয়নি। ও এমএস খাতে ৫০.০০০ মে. টন চাল ভোক্তার কাছে বিক্রি করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ চলমান আছে। | ক.উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, প্রতিটা বরাদ বন্টন নীতিমালা অনুয়ায়ী করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভায় বলেন। বরাদ্দকৃত চাল,গম সঠিক লোক পাচ্ছে কিনা তা তদারকি করার নির্দেশ দেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী |
| ১৮ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. কোন আলোচনা নেই। | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | | সরিষাবাড়ী |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। | ক. পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০ টি সমিতিতে ১০৪২৭ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৭৯৭৫ জন (এসএমই সহ)।সদস্যর সঞ্চয় আছে ৬,৫৫,১০,০০০/- টাকা ও ঋণের স্থিতি আছে ২১,১৫,০০,০০০/-।এ পর্যন্ত শাখায় ১৪৩৫ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৭৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫০৯ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক। |
| ২০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপ) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করে আপলোড করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হাল নাগাদ করার জন্য তথ্য দিয়ে সহযোগিতা করা। | ইউডিএফ, সরিষাবাড়ী |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। এ বৎসর ২০৫ টি লাইসেন্স রিনিউ করা হয়েছে লক্ষমাত্রা ২২৫টি নির্ধারণ করা হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। সকল প্রকার পাট ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় নিয়ে আসতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২২. | উপজেলা বিএ.ডি.সি. সরিষাবাড়। | ক. সরিষাবাড়ী উপজেলার বি.এ.ডি.সি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সেচ আবেদনকারীর খাজনার রশিদসহ তদন্ত কার্যক্রম চলমান আছে। | ক.উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, কৃষকদের সেচ সংযোগে কোন সমস্যা না হয়। | উপ-সহকারী প্রকৌশলী বিএ.ডি.সি. |
| ২৩. | বিদ্যুৎ বিভাগ। | ক. উপজেলা ডি.জি.এম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, মার্চ মাসে গ্রাহক সংযোগ আবাসিক = ৩২৫ টি, বাণিজ্যিক = ১৮টি, সেচ =০৪টি, শিল্প = ০১ টি,অন্যান্য ০৪ টি।<br>খ.বিদ্যুৎ সরবরাহ: পিক আওয়ার: সন্ধা ০৬ টা হতে রাত ১১ঘটিকা, চাহিদা ২০.৫মেঃওঃ প্রাপ্তি ৯.৫ মেঃওঃ লোডশেডিং ১২.০০ মেঃওঃ তারাকান্দি অফগ্রীডসহ<br>০২। অফপিক আওয়ার রাত ১২.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ পর্যন্ত, চাহিদা ১৪.৫০ মেঃ ওঃ প্রাপ্তি ৮.০০ মেঃওঃ লোডশেডিং ৬.৫০ মেঃওঃ তারাকান্দি অফগ্রীডসহ। | ক. নির্বাহী প্রকৌশলী পিডিবি ও ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, সামনে সেচ মৌসুমে একটু লোডশেডিং হতে পারে। | নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৪. | বিবিধ আলোচনা. | ক. উপজেলা নির্বাহী অফিসার বলেন, অফিসের ২টি কম্পিউটার আনুসাঙ্গিক যন্ত্রাংশ ক্রয় বাবদ = ২৫,০০০/- টাকা এবং ফটোকপি মেশিনের যন্ত্রাংশ ক্রয় বাবদ = ২৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয় করা হবে । | ক. উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমে পাশ হয় । | উপজেলা প্রশাসক ও নির্বাহী অফিসার সরিষাবাড়ী |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬।০৪।২৫

অরুন কৃষ্ণ পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।
তারিখ ঃ ১৬-০৪- ২০২৫ খ্রিঃ

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৫-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। জেলা প্রশাসক, জামালপুর।
০২। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৩। সহকারী কমিশনার ভূমি সরিষাবাড়ী জামালপুর ।
০৪। অফিসার ইনচার্জ সরিষাবাড়ী থানা, সরিষাবাড়ী, জামালপুর।
০৫। জনাব
..................................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-
০১। উপজেলা ..........................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,.........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..........................................................

২৬।০৪।২৫

অরুন কৃষ্ণ পাল
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-
unosarishabari@mopa.gov.bd

১ .

সরিষাবাড়ী উপজেলা পরিষদের মাসিক সভা এপ্রিল/ ২০২৫ খ্রিঃ তারিখের হাজিরা শিট ।

তারিখ ঃ- ১৬ / ০৪/২০২৫খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | অরুন কৃষ্ণ পাল প্রশাসক উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী, জামালপুর। | |
| ০২। | | |
| ০৩। | ডা: মোঃ হাবিবুর রহমান ULO | [signature] |
| ০৪। | অনুপ সিংহ UAO | [signature] |
| ০৫। | [illegible] জলিল UPIO | [signature] |
| ০৬। | মোঃ [illegible] সরকার - URDO | [signature] |
| ০৭। | মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ০৮। | মোঃ দেলোয়ার [illegible] - BADC SAE | [signature] |
| ০৯। | মোঃ মোজাম্মেল হক, USEO | [signature] |
| ১০। | মোঃ [illegible] USSO | [signature] ১৬/০৪/২৫ |
| ১১। | মোঃ হাবিবুল্লাহ UCO | [signature] ১৬/০৪/২৫ |
| ১২। | মো: আতিকুল ইসলাম SAE — LGED | [signature] ১৬/০৪/২৫ |
| ১৩। | মোরিৎ কুমার রায়. এজিএম, PBS | [signature] |
| ১৪। | মোঃ [illegible], [illegible] | [signature] |
| ১৫। | মো: [illegible] (UDBO) | [signature] |
| ১৬। | মো: মোজাম্মেল হক BM-PSB | [signature] |
| ১৭। | মোঃ সারওয়ার জাহান, ফরেস্টার | [signature] ১৬/০৪/২০২৫ |
| ১৮। | মোঃ মাহবুবুর রহমান (মেম্বার) | 01716 279136 [signature] |
| ১৯। | মোঃ আজেদুল করিম. ইউপি প্রশাসনিক কর্মকর্তা, [illegible] ইউপি | 01710-507208 [signature] |
| | | |

| | | |
|---|---|---|
| ২০। | সাদিকুল্লাহ্‌, তথ্যসেবা কর্মকর্তা | 01313704434 |
| ২১। | ডা. দেবাশীষ রাজবংশী UHFPO | 01717662084 |
| ২২। | মোঃ লাইজু মিয়া উপজেলা পঃ পঃ সহকারী | ০১৭২৮৪৬৭২৮০ |
| ২৩। | মো: আনোয়ারুল আলম, UDF | ০১৭০৪-৩৫৪২৯৩ [signature] |
| ২৪। | | |
| ২৫। | | |
| ২৬। | | |
| ২৭। | | |
| ২৮। | | |
| ২৯। | | |
| ৩০। | | |
| ৩১। | | |
| ৩২। | | |
| ৩৩। | | |
| ৩৪। | | |
| ৩৫। | | |